

## টাঃ বিঃ পরিবেশ পরিষদের সভায় কোন সিদ্ধান্ত হয়নি

(বিশ্ববিদ্যালয়সংবাদদাতা)

কোন সিদ্ধান্ত ছাড়াই গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবেশ পরিষদের সভা অনুষ্ঠিত হয়েছে।

উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে গতকাল বিভিন্ন ছাত্র সংগঠনের উপস্থিতিতে এ সভা অনুষ্ঠিত হয়। সভা সূত্র জানায়, সভায় যৌন নিপীড়নবিরোধী ছাত্রছাত্রীদের ৬ দফা নিয়ে আলোচনা হয়। এ সময় গণতান্ত্রিক ছাত্রত্রৈকা ৪ দফার একটি দাবিনামা পেশ করে।

দাবির পরিপ্রেক্ষিতে উপাচার্য বিষয়টি সিন্ডিকেট ও শিক্ষক সমিতির কাছে উপস্থাপন করবেন বলে জানান।

শিক্ষকের বিরুদ্ধে যৌন নিপীড়নের অভিযোগ সংক্রান্ত তদন্ত রিপোর্ট গত ৬ই জানুয়ারি পেশ করার কথা থাকলেও রিপোর্ট প্রকাশ করা হয়নি। এ ব্যাপারে কর্তৃপক্ষ ও তদন্ত কমিটির সদস্যগণ ছাত্র নেতৃবৃন্দের কাছে প্রতিশ্রুতি দেন যে অবিলম্বে রিপোর্ট প্রকাশ করা হবে।

গতকালের সভায় বড় ছাত্র সংগঠনসমূহের কোন শীর্ষ নেতা উপস্থিত ছিলেন না।

এদিকে গণতান্ত্রিক ছাত্রত্রৈকা ছাত্রীদের উপর হামলার প্রতিবাদে ও তদন্ত রিপোর্ট প্রকাশের দাবিতে গতকাল ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছে।

ডাকসু ভবনের সামনে সমাবেশে বক্তৃতা করেন হাসান হাফিজুর রহমান সোহেল, জিয়াউল হক জিয়া, সাইফুর রহমান তপন প্রমুখ।

বাংলাদেশ ছাত্র ফেডারেশন তদন্ত রিপোর্ট প্রকাশ না করার প্রতিবাদে এবং ৬ দফা বাস্তবায়নের দাবিতে ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছে।

সমাবেশে বক্তৃতা করেন জোনায়েদ মাকি, উজ্জ্বল কালো, আসনিমা আখতার লিমা।